

~~১৫~~ ৪২

দৈনিক সংবাদ

তারিখ ৩৩ OCT 1995  
পৃষ্ঠা ২ কলাম ৩

### ঢাকা শিক্ষা বোর্ডের সামনে বিক্ষোভ স্মারকলিপি পেশ

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে এ বছর অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় অংশ নিয়ে অকৃতকার্য হওয়া ছাত্রছাত্রীদের একাংশ পরীক্ষার ফল পুনর্নিরীক্ষার দাবিতে গতকাল সোমবার সকালে বোর্ড অফিসের সামনে বিক্ষোভ প্রদর্শন করেছে। এসব ছাত্রছাত্রী তাদের 'ফল বিপর্যয়ের' কারণ অনুসন্ধানের জন্য তদন্ত কমিটি গঠনেরও দাবি জানিয়েছে।

উল্লেখ্য, এ বছর ঢাকা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী রাজধানীর নামকরা কলেজগুলোর ছাত্রছাত্রীসহ বিপুলসংখ্যক পরীক্ষার্থী অকৃতকার্য হয়েছে। এদের বেশিরভাগই, বিশেষ করে ভাল ফল লাভে প্রত্যাশীরা ইংরেজি বিষয়ে ফেল করেছে। এসব ছাত্রছাত্রীর অনেকের মতেই উত্তরপত্র নিরীক্ষণে ভুলের কারণে এ ধরনের 'গণফেলের' ঘটনা ঘটেছে। ঢাকার লালমাটিয়া মহিলা কলেজ কর্তৃপক্ষ তাদের পরীক্ষার্থীদের খাতা পুনর্নিরীক্ষার জন্য বোর্ডের কাছে আবেদনও জানিয়েছিল। তবে বোর্ড কর্তৃপক্ষ জানিয়েছে যে, তাদের দিক থেকে কোন রকম ভুল হয়নি।

গতকাল কিছুসংখ্যক ছাত্রছাত্রী বোর্ড অফিসের সামনে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত বিক্ষোভ প্রদর্শন করে। এ সময় বোর্ড অফিসে পুলিশ মোতায়েন ছিল।

পরে ছাত্রছাত্রীরা প্রেসক্লাবের সামনে এসে বিক্ষোভ প্রদর্শন করে ও শিক্ষা মন্ত্রণালয়ে প্রবেশের চেষ্টা করে। পুলিশ কয়েকজন ছাত্রকে নিয়ে শিক্ষা মন্ত্রণালয়ে যায়। সেখানে শিক্ষামন্ত্রী না থাকায় ছাত্ররা মন্ত্রীর একান্ত সচিবের কাছে তাদের একটি স্মারকলিপি পেশ করে।